



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
রাংগুনিয়া সরকারি কলেজ, চট্টগ্রাম।

website: [www.ranguniacollege.edu.bd](http://www.ranguniacollege.edu.bd)/E-mail: [info@ranguniacollege.edu.bd](mailto:info@ranguniacollege.edu.bd)

নং- ২০২৪/২১৬

তারিখঃ ০১/১০/২০২৪ খ্রি.

**২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির বিষয়ভিত্তিক ২য় ও সর্বশেষ রিলিজ**

**স্লিপের মেধা তালিকায় উত্তীর্ণ শিক্ষার্থীদের ভর্তির বিজ্ঞপ্তি**

জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রকাশিত (স্মারক নং- ১০(২২৬) জাতী:বি:/রেজি:/অ্যাকা:/২০২৪/২৯৯৪ তারিখ: ২৩/০৯/২০২৪খ্রি.) বিজ্ঞপ্তি মোতাবেক ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের স্নাতক (সম্মান) শ্রেণির ১ম বর্ষে ভর্তির জন্য জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক বিষয়ভিত্তিক ২য় ও সর্বশেষ রিলিজ স্লিপের মেধা তালিকা ৩০/০৯/২০২৪খ্রি. তারিখ বিকাল ৪টায় প্রকাশ করা হয়েছে। রাংগুনিয়া সরকারি কলেজে ২য় ও সর্বশেষ রিলিজ স্লিপের মেধা তালিকায় স্থান প্রাপ্ত শিক্ষার্থীরা জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট [www.nu.ac.bd/admissions](http://www.nu.ac.bd/admissions) লিংক-এ ক্লিক করে ভর্তির আবেদন ফরম ও কলেজে ওয়েবসাইট [www.ranguniacollege.edu.bd](http://www.ranguniacollege.edu.bd) লিংক-এ ক্লিক করে কলেজের ভর্তি ফরম আগামী ২০/১০/২০২৪ খ্রি. তারিখের মধ্যে পূরণপূর্বক কলেজ অফিস হতে রশিদ সংগ্রহ করে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রেশন ফি ও কলেজের ভর্তি ফি “বাংলাদেশ কৃষি ব্যাংক” রাংগুনিয়া কলেজ শাখায় টাকা জমা দিয়ে অফিস চলাকালীন সময়ে নিম্নলিখিত কাগজপত্রাদিসহ নির্ধারিত সময়ের মধ্যে কলেজ অফিসে জমা দেয়ার জন্য নির্দেশ দেয়া গেল।

ক্র. নং	নাম	পদবী	অনলাইনে ভর্তি ফরম পূরণ করার শেষ তারিখ	ভর্তি ফরম জমা দেওয়ার শেষ তারিখ
০১	জনাব এন. কে. এম. শাহারিয়ার	বিভাগীয় প্রধান, রাষ্ট্রবিজ্ঞান	২০/১০/২০২৪ খ্রি. পর্যন্ত	২১/১০/২০২৪ খ্রি. পর্যন্ত
০২	জনাব মোঃ জাহেদুল আলম	বিভাগীয় প্রধান, ব্যবস্থাপনা		

রাষ্ট্রবিজ্ঞান ও ব্যবস্থাপনা বিভাগের ভর্তি ফি- ৩২৭০/- (তিন হাজার দুইশত সত্তর টাকা মাত্র)

**ভর্তির নিয়মাবলী :**

- জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত মনোনীত বিষয়ে প্রার্থী জাতীয় বিশ্ববিদ্যালয়ের ([www.nu.ac.bd/admissions](http://www.nu.ac.bd/admissions)) ওয়েবসাইট থেকে A4 সাইজের অফসেট ৪০gm কাগজে চূড়ান্ত ভর্তির আবেদন ফরম মূল কপি জমা দিতে হবে।
- রাংগুনিয়া সরকারি কলেজের ওয়েবসাইট ([www.ranguniacollege.edu.bd](http://www.ranguniacollege.edu.bd)) থেকে কলেজের ভর্তি ফরম পূরণপূর্বক A4 সাইজের অফসেট ৪০gm কাগজে (ডাউনলোডের সময় উভয় পৃষ্ঠায় প্রিন্ট) করে জমা দিতে হবে।
- চূড়ান্ত ভর্তির আবেদন ফরম পূরণকৃত ছাত্র-ছাত্রীগণ নির্ধারিত তারিখের মধ্যে কলেজ অফিস হতে রশিদ সংগ্রহ করে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রেশন ফি ও কলেজের ভর্তি ফি “বাংলাদেশ কৃষি ব্যাংক” রাংগুনিয়া কলেজ শাখায় টাকা জমাপূর্বক ভর্তি ফরমের সাথে টাকা জমাদানকৃত রশিদ জমা দিতে হবে।
- এসএসসি ও এইচএসসি পরীক্ষার মূল ট্রান্সক্রিপ্ট জমা দিতে হবে।
- পাসপোর্ট সাইজের ০২ কপি রঙিন ছবি, এসএসসি, এইচএসসি পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড, ট্রান্সক্রিপ্ট ও প্রশংসাপত্রের ফটোকপি ০১ সেট জমা দিতে হবে।
- সকল কাগজপত্র একটি A4 সাইজের খাম করে ওপরে বিভাগের নাম, ছাত্র-ছাত্রীর নাম, পিতার নাম, ঠিকানা ও সচল মোবাইল নম্বর লিখে জমা দিতে হবে।

০১/১০/২০২৪  
প্রফেসর শেখ মুজিবুর রহমান  
আইডি নং-৯৫২৬  
অধ্যক্ষ

✓ ০১/১০/২০২৪  
এন.কে.এম শাহারিয়ার  
বিভাগীয় প্রধান  
রাষ্ট্রবিজ্ঞান বিভাগ  
রাংগুনিয়া সরকারি কলেজ, চট্টগ্রাম

০১/১০/২০২৪  
মো. জাহেদুল আলম  
বিভাগীয় প্রধান  
ব্যবস্থাপনা বিভাগ  
রাংগুনিয়া সরকারি কলেজ, চট্টগ্রাম

**অনুলিপি :**

- উপাধ্যক্ষ, রাংগুনিয়া সরকারি কলেজ, চট্টগ্রাম।
- সম্পাদক, শিক্ষক পরিষদ, রাংগুনিয়া সরকারি কলেজ, চট্টগ্রাম।
- বিভাগীয় প্রধান, রাষ্ট্রবিজ্ঞান ও ব্যবস্থাপনা বিভাগ, রাংগুনিয়া সরকারি কলেজ, চট্টগ্রাম।
- হিসাব রক্ষক, অত্র কলেজ।
- কম্পিউটার অপারেটর, অত্র কলেজ।
- অফিস নথি।